দৈনিক বাংলা

তারিখ ... 04 SEP 1986 ...
পৃষ্ঠা ... 5 কলাম 6 ...

000 51



## ডঃ মাহফুজুর রহমানের ইন্তেকাল

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার কৌশল বিভাগের প্রধান, কৃতি কম্পিউটার বিজ্ঞানী বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর ডঃ এ কে এম মাহফুজুর রহমান খান বুধবার সকাল ৮টায় ঢাকায় ইন্তেকাল করেন (ইন্না... রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল মাত্র ৪৩ বছর।

তিনি দীর্ঘদিন ডিউডেনাম আলসার রোগে ভুগছিলেন।

জোহরের নামাজের পর মরহুমের নামাজে জানাজা বিশ্ববিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত হয় এবং জানাজার পরপরই মরহুমের লাশ দাফনের জন্য তাঁর গ্রামের বাড়িতে নিয়ে যাওয়া হয়। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ শিশু সন্তান, মা-বাবাসহ আত্মীয়স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

তড়িৎ ও ইলেকট্রনিক কৌশলে প্রথম শ্রেণী লাভ করার পর ১৯৬৭ সালে তিনি তৎকালীন পূর্ব পাকিস্তান প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। ১৯৭৬ সালে যুক্তরাজ্যের গ্লাসগোর স্ট্রেঠক্লাইড বিশ্ববিদ্যালয় থেকে তিনি পিএইচডি ডিগ্রী লাভ করেন। ১৯৮৩ সালে তিনি উক্ত বিভাগে প্রফেসর পদে উন্নীত হন। ১৯৮৪ সালে প্রতিষ্ঠিত কম্পিউটার কৌশল বিভাগের প্রধানের দায়িত্বভার গ্রহণ করেন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত সে পদে অধিষ্ঠিত ছিলেন। খবর বিজ্ঞপ্তির।